

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৪৫ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ কিয়ামতের কতিপয় লক্ষণ

আরবী

قَالَ الْمُسْتَوْرِدُ الْقُرَشِيُّ عِنْدَ عَمْرِو بْنِ الْعَاصِ سَمِعْتُ رَسُوْلَ اللهِ عَلَيْ يَقُولُ تَقُومُ السَّاعَةُ وَالرُّومُ أَكْثَرُ النَّاسِ فَقَالَ لَهُ عَمْرُو أَبْصِرْ مَا تَقُولُ قَالَ أَقُولُ مَا سَمِعْتُ مِنْ رَسُولِ اللهِ عَلَيْ قَالَ لَئِنْ قُلْتَ ذَلِكَ إِنَّ فِيهِمْ لَخِصَالاً أَرْبَعًا إِنَّهُمْ لأَحْلَمُ النَّاسِ عِنْدَ فِتْنَةٍ وَأَسْرَعُهُمْ إِفَاقَةً بَعْدَ مُصِيبَةٍ

বাংলা

(৩৮৪৫) একদা আমর বিন আস (রাঃ) এর সামনে মুস্তাওরিদ কুবরাশী বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, ''কিয়ামত সংঘটিত হবার সময় রোমান (ইউরোপীয়) দের সংখ্যা বেশী হবে।'' আমর (রাঃ) মুস্তাওরিদকে বললেন, 'কী বলছেন খেয়াল ক'রে দেখুন!' তিনি বললেন, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যা বলেছেন, তা বলতে আমার বাধা কিসের?' তখন আমর (রাঃ) বললেন, 'যদি তা সত্য হয়, তাহলে তা রোমানদের ৪টি স্বভাব-গুণের কারণে হবে। প্রথমতঃ ফিতনার সময়ে সকল মানুষের চেয়ে ওরাই বেশী সহ্যশীল। দ্বিতীয়তঃ বিপদের পর ওরাই অধিক শীঘ্র নিজেদেরকে সামলে নিতে পারে। (আর এইভাবে ৪টি স্বভাব তিনি উল্লেখ করলেন এবং আরো একটি অধিক বললেন।)

ফুটনোট

(মুসলিম ৭৪৬১-৭৪৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন